সমকাল

তারিখ 19 JUL 2017
পৃষ্ঠা ৪ কলাম 2

# পাবিপ্রবির পাঁচ ছাত্রলীগ নেতা সামিয়ক বহিষ্কার

■ পাবনা অফিস

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ ও ভাংচুরের ঘটনায় ছাত্রলীগের পাঁচ নেতাকে সাময়িক বহিষ্কার করেছে কেন্দ্রীয় ছাত্রলীগ। হল বরাদ্দে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ক্যাম্পাসে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ও বঙ্গবন্ধু হলের দুটি কক্ষ ভাংচুর করার দায়ে দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ এনে সোমবার রাতে তাদের বহিষ্কার করা হয়।

বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে জানা গেছে, দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের তিনজন সহসভাপতি যথাক্রমে ইয়াসির আরাফাত, মাহমুদ চৌধুরী আসিফ, আবদুল্লাহ আল মারুফ, যুগ্ম সাধারণ সম্পাদক মাহমুদ কামাল তুহিন ও সাংগঠনিক সম্পাদক সিরাজুল ইসলামকে বাংলাদেশ ছাত্রলীগ থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। একই সঙ্গে কেন তাদের স্থায়ীভাবে বহিষ্কার করা হবে না মর্মে আগামী ৪৮ ঘণ্টার মধ্যে কারণ দর্শাতে বলা হয়েছে ওই বিজ্ঞপ্তিতে।

এ প্রসঙ্গে সাংগঠনিক সম্পাদক সিরাজুল ইসলাম অভিযোগ অস্বীকার করে বলেন, সোমবার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যে ঘটনা ঘটেছে, এর সঙ্গে আমি কোনোভাবেই জড়িত ছিলাম না।

অন্যদিকে সহসভাপতি ইয়াসির আরাফাত বলেন, ঘটনার জন্য প্রকৃতই যারা দায়ী, তাদের বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে কেন্দ্রীয় নেতৃবৃন্দ যে সিদ্ধান্ত নিয়েছেন, তাতে শ্রদ্ধা জানিয়ে বলছি, সঠিক তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হোক।

পাবনা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি শাহেদ সিদ্দিকী শান্ত ও সম্পাদক ওয়ালী উল্লাহ গ্রুপের সঙ্গে সহসভাপতি ইয়াসির আরাফাত গ্রুপের মধ্যে ক্যাম্পাসে অধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সোমবার দুই গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও ইটপাটকেল নিক্ষেপ এবং সংঘর্ষ হয়। এ সময় বঙ্গবন্ধু হলের দুটি কক্ষ ভাংচুর করা হয়।

[illegible]
প্রাপ্তি নং........................
তারিখ........................
সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর